# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 02 May, 2025

আগামী আগস্টে বাংলাদেশ সফরে আসার কথা রয়েছে ভারতীয় ক্রিকেট দলের।সূচি অনুযায়ী তিনটি ওয়ানডে ও তিনটি টি-টোয়েন্টি ম্যাচের সাদা বলের সিরিজ খেলবে দুই দল।কিন্তু সাম্প্রতিক ভারত-পাকিস্তান উত্তেজনা ও প্রতিবেশী দেশের সঙ্গে সম্পর্কের ভাটা নিয়ে ভারতীয় গণমাধ্যমে সিরিজ স্থগিতের আশঙ্কা প্রকাশ করা হয়েছে।

ভারতের প্রভাবশালী দৈনিক টাইমস অব ইন্ডিয়া এক প্রতিবেদনে দাবি করেছে, কাশ্মিরের পেহেলগামে বন্দুকধারীদের হামলার প্রেক্ষিতে ভারত-পাকিস্তান সম্পর্ক চরম উত্তেজনাপূর্ণ হয়ে উঠেছে।এমন পরিস্থিতিতে, ভারতের বাংলাদেশ সফর নিয়েও তৈরি হয়েছে অনিশ্চয়তা। প্রতিবেদনে আরও বলা হয়, বাংলাদেশের সঙ্গে সাম্প্রতিক মাসগুলোতে ভারতের বন্ধুত্বপূর্ণ সম্পর্কেও ভাটা পড়েছে।ফলে কূটনৈতিক দৃষ্টিকোণ থেকেও এই সফর নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে।তবে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) সিরিজ স্থগিতের গুঞ্জন পুরোপুরি উড়িয়ে দিয়েছে।

বিসিবির ক্রিকেট অপারেশন্স চেয়ারম্যান নাজমুল আবেদিন ফাহিম বলেন,এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে আমরা কিছু জানি না।আমাদের নির্ধারিত সূচি অনুযায়ী সিরিজটি হওয়ার কথা।আমরা আশা করছি খেলা ঠিক সময়েই হবে।

সূচি অনুযায়ী, ভারতীয় দল ১৩ আগস্ট ঢাকায় পৌঁছাবে।সিরিজের প্রথম ওয়ানডে ম্যাচ অনুষ্ঠিত হওয়ার কথা ১৭ আগস্ট মিরপুর শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে।সিরিজের কিছু ম্যাচ চট্টগ্রামেও অনুষ্ঠিত হবে বলে জানা গেছে।

বাংলাদেশ ও ভারতের মধ্যকার দ্বিপাক্ষিক ক্রিকেট সিরিজ সবসময়ই ব্যাপক আগ্রহের জন্ম দেয় ক্রিকেটপ্রেমীদের মাঝে।বিশেষ করে ঘরের মাঠে ভারতকে হারানোর অভিজ্ঞতা রয়েছে টাইগারদের।ফলে এই সিরিজ ঘিরে দর্শকদের আগ্রহও অনেক বেশি।

তবে কূটনৈতিক টানাপোড়েন সত্যিই যদি প্রভাব ফেলে, তাহলে সেটি শুধু ক্রিকেট নয়, দুই দেশের সম্পর্কেও বড় বার্তা হয়ে দাঁড়াতে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা।

ভারত ক্রিকেট পাকিস্তান সিরিজ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:29

URL: https://www.timestodaybd.com/public/sports/7758071789